

৭ ধাপে পিয়ার রিভিউয়ার নির্বাচন

আমাদের পিয়ার রিভিউ টুলকিট ভিজিট করুন।

১. দক্ষতা (Expertise)

প্রবন্ধটি মূল্যায়নের জন্য কী ধরনের বিশেষজ্ঞ রিভিউয়ার প্রয়োজন, তা নির্ধারণ করুন।

২. বৈচিত্র্য (Diversity)

বিভিন্ন লিঙ্গ, অঞ্চল এবং কর্মজীবনের বিভিন্ন স্তর থেকে রিভিউয়ার নির্বাচন করুন, যাতে বৈচিত্র্য নিশ্চিত হয়।

৩. অনুসন্ধান (Search)

আপনার জার্নালের রিভিউয়ার তালিকা, সম্পাদকীয় বোর্ড, জার্নালে পূর্বে প্রকাশিত প্রবন্ধের লেখক অথবা অন্যান্য প্রকাশিত সাহিত্য থেকে উপযুক্ত রিভিউয়ার খুঁজে বের করুন।

৪. যাচাই (Verify)

রিভিউয়ারের পরিচয় নিশ্চিত করুন। পাশাপাশি তাদের প্রকাশনা, গবেষণা অনুদান, চলমান প্রকল্প এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইট বা পেশাগত নেটওয়ার্ক যাচাই করুন।

৫. পক্ষপাত (Biases)

সম্ভাব্য প্রতিযোগিতামূলক স্বার্থ, পক্ষপাত এবং লেখকদের পক্ষ থেকে কোনো রিভিউয়ারকে বাদ দেওয়ার অনুরোধ রয়েছে কি না, তা যাচাই করুন।

৬. প্রাপ্যতা (Availability)

রিভিউয়ার নির্ধারিত সময়সীমার মধ্যে পর্যালোচনার কাজ সম্পন্ন করতে পারবেন কি না, তা নিশ্চিত করুন। যারা সম্প্রতি আপনার জার্নালের জন্য রিভিউ সম্পন্ন করেছেন, তাদের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করা থেকে বিরত থাকুন।

৭. আমন্ত্রণ (Invite)

রিভিউয়ারকে ব্যক্তিগতভাবে আমন্ত্রণ জানান। তিনি আমন্ত্রণ গ্রহণ করতে অপারগ হলে, বিকল্প রিভিউয়ার সুপারিশ করার সুযোগ দিন।

Translated by Shaharima Parvin

